# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

## কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০৭.১৭.৪১

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ।
১২ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা বিগত ০৮ মার্চ ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. আপনার দপ্তর/বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.০৩.১৮
মোঃ শাহিন মিয়া
উপসচিব (অঃ দাঃ)
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।
e-mail: ds_coordination@badc.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, উপকরণ-১ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সহকারী সচিব, নীতি-4 শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত),বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৭. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৮. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৯. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১১. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ),বিএডিসি, ঢাকা।
১২. জনসংযোগ কর্মকর্তা,বিএডিসি, ঢাকা।
১৩. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৪. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশ্র),বিএডিসি, ঢাকা।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, রেজি নং-১৯০৩ (সিবিএ)।
১৬. ..................................................................
১৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৮. কম্পিউটার প্রোগ্রামার,আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. অফিস কপি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি। |
| তারিখ ও সময় | : | ০৮ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ; সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | : | সংস্থার সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট - ক। |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৭ মার্চ ২০১৮ তারিখ জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ ২০১৮ তারিখ মহান স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে আলোচনার সূত্রপাত করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন এর লক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচিসমূহ উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর আগামী ১৭ মার্চ ২০১৮ তারিখ জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ ২০১৮ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি/সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আগামী ১৭ মার্চ ২০১৮ তারিখ রোজ শনিবার মিরপুরস্থ বিএডিসি স্টাফ কোর্য়াটার স্কুলের সাথে সমন্বয় করে শিশু-কিশোরদের মাঝে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা। | সাধারণ পরিচর্যা বিভাগ, নিয়োগ ও কল্যাণ বিভাগ, বঙ্গবন্ধু পরিষদ, বিএডিসি শাখা ও প্রধান শিক্ষক বিএডিসি উচ্চ বিদ্যালয়। |
| ০২. | জাতীয় শিশু দিবস উপলক্ষে আগামী ১৭ মার্চ ২০১৮ তারিখ রোজ শনিবার মিরপুরস্থ বিএডিসি স্টাফ কোয়ার্টার মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং বিএডিসি'র মাঠ পর্যায়ের মসজিদ/ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা করা। | নিয়োগ ও কল্যাণ বিভাগ, বিএডিসি স্টাফ কোয়ার্টার মসজিদ কমিটি/মাঠ পর্যায়ের অফিস প্রধানগণ। |
| ০৩. | জাতীয় শিশু দিবস ২০১৮ উপলক্ষে একটি বিশেষ বুলেটিন প্রকাশ করা। | জনসংযোগ বিভাগ। |
| ০৪. | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আগামী ২৬ মার্চ ২০১৮ তারিখ রোজ সোমবার কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন এবং মাঠ পর্যায়ে বিএডিসি'র আওতায় সকল অফিসসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানের সম্মুখে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা এবং কৃষি ভবনের ছাদে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন করা। | সাধারণ পরিচর্যা বিভাগ, মাঠ পর্যায়ের অফিস/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ। |
| ০৫. | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষে কৃষি ভবন, সেচ ভবন ও বীজ ভবনে আলোকসজ্জার আয়োজন করা এবং কৃষি ভবন বিভিন্ন রং এর পতাকা দ্বারা সজ্জিত/শোভিত করা। | নির্মাণ বিভাগ/সাধারণ পরিচর্যা বিভাগ/সংশ্লিষ্ট দপ্তর। |

| ক্রঃ নং | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০৬. | মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আগামী ২৬ মার্চ ২০১৮ তারিখ রোজ সোমবার সকাল ৬:৩০ ঘটিকায় কৃষি ভবন হতে রওনা হয়ে বিএডিসি কর্তৃক সম্মিলিতভাবে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা। | সাধারণ পরিচর্যা বিভাগ/ উইং ও বিভাগীয় প্রধানগণ |
| ০৭. | বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের আগামী ২৬ মার্চ ২০১৮ তারিখ বিএডিসি লোগো সম্বলিত একটি করে ব্যাজ সরবরাহ করা। | উদ্যান উন্নয়ন বিভাগ। |
| ০৮. | বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের সাভারে যাতায়াতের সুবিধার্থে কৃষি ভবন, সেচ ভবন এবং মিরপুরস্থ বিএডিসি স্টাফ কোয়াটার হতে একটি করে বাসের ব্যবস্থা করা। | সাধারণ পরিচর্যা বিভাগ। |
| ০৯. | আগামী ২৬ মার্চ ২০১৮ তারিখ রোজ সোমবার মিরপুরস্থ বিএডিসি স্টাফ কোয়ার্টার মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং বিএডিসি'র মাঠ পর্যায়ের মসজিদ/ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা করা। | নিয়োগ ও কল্যাণ বিভাগ, বিএডিসি স্টাফ কোয়ার্টার মসজিদ কমিটি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ। |
| ১০. | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষে আগামী ২৭ মার্চ ২০১৮ তারিখ বাদ যোহর কৃষিভবনস্থ মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করা এবং বিকাল ৩:০০ ঘটিকায় ঢাকাস্থ বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে কৃষি ভবনের সম্মেলন কক্ষে দিবসের প্রতিপাদ্য বিষয় নিয়ে আলোচনা সভার আয়োজন করা। | সাধারণ পরিচর্যা বিভাগ, নিয়োগ ও কল্যাণ বিভাগ, সমন্বয় বিভাগ। |
| ১১. | মহান স্বাধীনতা দিবস ২০১৮ উপলক্ষে আগামী ২৬ মার্চ ২০১৮ তারিখ সারাদেশে বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা। | নিয়োগ ও কল্যাণ বিভাগ, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণ। |
| ১২. | বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করা। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে বিষয়টি নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ। |
| ১৩. | জাতীয় শিশু দিবস ও মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা। | অর্থ বিভাগ। |

০৩. সভাপতি জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে আন্তরিকতার সাথে প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানান।

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নাসিরুজ্জামান)
চেয়ারম্যান, বিএডিসি
ও
সভাপতি
জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপনের প্রস্তুতিমূলক সভা।